



SAMARJIT BHOWMIK

SECRETARY  
GOVERNMENT OF TRIPURA  
NEW SECRETARIAT COMPLEX  
P.O.-KUNJABAN, 799 006  
AGARTALA

জাতীয় স্বৈচ্ছা রক্তদান দিবস উদযাপন উপলক্ষে  
মাননীয় সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের আবেদন

১ অক্টোবর ২০১৮ জাতীয় স্বৈচ্ছা রক্তদান দিবস। জাতীয় স্বৈচ্ছা রক্তদান দিবস ১৯৭৫ সাল থেকে ১ অক্টোবর ভারতবর্ষে প্রতিবছর উদযাপন হয়ে আসছে। রক্ত দেহের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও জীবনদায়ী উপাদান। রক্তের কোনও বিকল্প নেই। তাই মুমূর্ষু রোগীর প্রাণ রক্ষার্থে আধুনিক চিকিৎসা ব্যবস্থা আজও দান করা রক্তের উপর নির্ভরশীল। জাতীয় স্বৈচ্ছা রক্তদান দিবসের লক্ষ্য সাধারণ জনগণের অজ্ঞতা, ভয় ও ভুল ধারণাগুলি দূর করা এবং নিয়মিত রক্তদানে তাদের উৎসাহিত করা। রক্তদানে মায়েদের দেহের কোনও ক্ষতি হয় না বরং উদ্বৃত্ত রক্ত একটি নির্দিষ্ট সময় অন্তর শরীরেই নষ্ট হয়ে যায়। বিভিন্ন রোগ যেমন থ্যালাসেমিয়া, ক্যান্সার ইত্যাদি রোগের ক্ষেত্রে এবং যারা রক্তাল্পতায় অর্থাৎ অ্যানিমিয়ায় ভোগেন তাদেরও অনেকসময় রক্ত লাগে। মহিলাদের প্রসবকালীন সময়েও রক্তের দরকার হয়। শরীর থেকে প্রচুর পরিমাণ রক্তক্ষরণ হলে মানুষের মৃত্যুও হতে পারে। তাই সেই সময়ে তার শরীরে রক্ত সঞ্চালন অবশ্যই করতে হয়। তাই স্বৈচ্ছা রক্তদান বৃদ্ধি করতে হবে আমাদের। এক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সমস্ত অংশের কর্মচারীদের দায়বদ্ধ ভূমিকা যেমন প্রত্যাশিত তেমনি রাজ্যের সর্বস্তরের জনগণের সচেতন ভূমিকা গ্রহণ করা আবশ্যিক।

(সমরজিৎ ভৌমিক)

সচিব